السنّة النبوية وعلومها
www.sunnah.global

যে ব্যক্তি তার রবের যিকির করে এবং যে তা করে না , তাদের উদাহরণ জীবিত ও মৃত ব্যক্তির মতো।

আবূ মূসা আশআরী রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত , নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: “যে তার রবের যিকির করে এবং যে তা করে না, তাদের উদাহরণ জীবিত ও মৃত ব্যক্তির মতো। ” অপর বর্ণনায় এসেছে, “যে ঘরে আল্লাহর যিকির করা হয় এবং যে ঘরে আল্লাহর যিকির করা হয় না, তার উদাহরণ জীবিত ও মৃত ব্যক্তির মতো।
[সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

হাদীসের অর্থ : যে আল্লাহর যিকির করে , আল্লাহ তার অন্তরকে তার যিকির দ্বারা জীবিত করেন ও তার বক্ষকে খুলে দেন।তাই সবসময় আল্লাহর যিকির করার কারণে সে জীবিত থাকে। অন্য দিকে যে আল্লাহর যিকির করে না সে তার বিপরীত। সে ঐ মৃতের মত , যার কোনো অস্তিত্ব নেই। তার শরীর জীবিত; কিন্তু অন্তর মৃত। এই উদাহরণ থেকে মানুষের উপদেশ গ্রহণ করা জরুরী এবং তার জানা জরুরী যে, যখনই সে আল্লাহ তাআলার যিকির থেকে গাফিল হবে, তার অন্তর কঠিন হবে। তার অন্তর মরে যাওয়ারও সম্ভাবনা রয়েছে। আল্লাহর নিকট আশ্রয় চাই। আল্লাহ তাআলা বলেন , أَوَمَنْ كَانَ مَيْتًا فَأَحْيَيْنَاهُ وَجَعَلْنَا لَهُ نُورًا يَمْشِي بِهِ فِي النَّاسِ كَمَنْ مَثَلُهُ فِي الظُّلُمَاتِ لَيْسَ بِخَارِجٍ مِنْهَا كَذَلِكَ زُيِّنَ لِلْكَافِرِينَ مَا كَانُوا يَعْمَلُونَ “যে ছিল মৃত , “অতঃপর আমি তাকে জীবন দিয়েছি এবং তার জন্য নির্ধারণ করেছি আলো, যার মাধ্যমে সে মানুষের মধ্যে চলে , সে কি তার মত যে ঘোর অন্ধকারে রয়েছে , যেখান থেকে সে বের হতে পারে না ?” [সূরা আল-আনআম, আয়াত: ১২২]

https://sunnah.global/hadeeth/bn/show/4177

النجاة الخيرية
ALNAJAT CHARITY
لجنة الدعوة الإلكترونية
EDC E-Da'wah Committee